BGMEA

সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৪/ ৮৭

তারিখঃ ১৮/০৪/২০২৪

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ Customs Bond Management System (CBMS) সফটওয়্যারে ব্যবহার উপযোগী ০৬টি মডিউলের মাধ্যমে বন্ড সংক্রান্ত কার্যক্রম সম্পাদন প্রসঙ্গে।**

**সূত্রঃ**(ক) কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) এর নথি নং ৫(১৩)০১/কাস বন্ড/অটোমেশন/বিবিধ/২০২০/৪৩৪২, তারিখ: ১৭/০৪/২০২৪।

(খ) বিজিএমইএ'র সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৪/৬২, তারিখ: ১৩/০৩/২০২৪।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "Customs Bond Management System" সফটওয়্যারের মাধ্যমে নিম্নোক্ত ৬টি সেবার বিপরীতে আবেদনপূর্বক কার্যক্রম সম্পাদনের নিমিত্তে কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) হতে সূত্রোক্ত 'ক' নির্দেশনা প্রদান করা হয়েছে।

(ক) e-bond Register Management
(খ) Lien Bank Change Management
(গ) Bonder Inventory Monitoring Management
(ঘ) Co-efficient Management
(ঙ) General Bond Management
(চ) HS Code Management

উল্লেখ্য, বিজিএমইএ হতে ইতঃপূর্বে সূত্রোক্ত 'খ' সার্কুলারের মাধ্যমে এ'বিষয়ে আপনাদেরকে অবগত করা হয়েছে। কিন্তু অধিকাংশ প্রতিষ্ঠান এখনো উল্লেখিত সেবাসমূহের বিপরীতে ম্যানুয়ালি আবেদন করছেন। যার কারণে CBMS সফটওয়্যারের প্রয়োগ ও প্রযোজ্য সুবিধা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না।

বন্ড সুবিধার আওতায় আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের নিমিত্তে CBMS সফটওয়্যারে প্রতিষ্ঠানের তথ্য অন্তর্ভুক্তির মাধ্যমে On Board হয়ে উল্লেখিত সেবাসমূহ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় বন্ডের আওতায় কার্যক্রম সম্পাদনে প্রতিষ্ঠানসমূহ জটিলতার সম্মুখীন হবেন।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

১৮/৪/২০২৪

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
www.cbc.gov.bd

নথি নং- ৫(১৩)০১/কাস-বন্ড/অটোমেশন/বিবিধ/২০২০/ ৪৩৪২ তারিখ: ২৯/০৪/২০২৪

বিষয়: Customs Bond Management Sysetm (CBMS) সফটওয়্যারে ব্যবহার উপযোগী ০৬ টি মডিউলের মাধ্যমে বন্ড সংক্রান্ত কার্যক্রম সম্পাদন প্রসংগে।

সূত্র: ১) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.২০১৯/১১১, তারিখ: ২৭/০২/২০২৪;
২) কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর পত্র নথি নং-৫(১৩)০১/কাস-বন্ড/অটোমেশন/বিবিধ/২০২০/২০৬০, তারিখ: ০৫/০৩/২০২৪।

০২। উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো। সূত্রোক্ত ১ নং পত্রের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক Customs Bond Management Sysetm (CBMS) সফটওয়্যারে নিম্নোক্ত ০৬ (ছয়) টি মডিউল ব্যবহার উপযোগী অবস্থায় আছে মর্মে জানানো হয় এবং বিদ্যমান সকল বন্ডেড প্রতিষ্ঠান সমূহকে Customs Bond Management Sysetm সফটওয়্যারে বর্ণিত মডিউল ব্যবহারের লক্ষ্যে On Board করার নির্দেশনা দেয়া হয়। যথা:

(ক) e-bond Register Management;
(খ) Lien Bank Change Management;
(গ) Bonder Inventory Monitoring Management;
(ঘ) Co-efficient Management;
(ঙ) General Bond Management;
(চ) HS Code Management.

০৩। তৎপ্রেক্ষিতে সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের পত্রের নির্দেশনার আলোকে Customs Bond Management Sysetm (CBMS) সফটওয়্যার-এ সকল প্রতিষ্ঠানকে ১৫/০৩/২০২৪ তারিখের মধ্যে On Board হয়ে CBMS সফটওয়্যার এর ব্যবহার উপযোগী বর্ণিত ৬টি মডিউলের মাধ্যমে বন্ড সংক্রান্ত কার্যক্রমের সেবা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ এখনও ম্যানুয়ালি আবেদন করে সেবা গ্রহণ করছেন। ফলে উক্ত সফটওয়্যারটির প্রয়োগ ও প্রযোজ্য সুবিধা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। আপনার/আপনাদের অবগতির জন্য আরও জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আলোচ্য সফটওয়্যারটি ব্যবহারের মাধ্যমে স্বল্পতম সময়ে ও দ্রুততার সাথে বন্ডারদেরকে অটোমেশন/অনলাইন পদ্ধতিতে প্রয়োজনীয় সেবা ও সুবিধা প্রদান নিশ্চিতকরণে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, Customs Bond Management Sysetm (CBMS) সফটওয়্যার-এর উল্লিখিত ৬টি মডিউলের মাধ্যমে বন্ড সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে আপনার সদস্যদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

০৫। বিষয়টি অতি জরুরী বিবেচ্য।

২৮.০৪.২০২৪

[ নাসরিন আকতার ইতি ]
উপ-কমিশনার
কমিশনারের পক্ষে

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউস- ৭/৭ এ, সেক্টর -১৭, ব্লক এইচ-১, উত্তরা, ঢাকা।
২. সভাপতি, বিকেএমইএ, বিকেএমইএ ভবন, ৫৩-৫৪ নবাব সলিমউল্লা রোড, চাষাড়া, নারায়নগঞ্জ-১৪৫২।
৩. সভাপতি/প্রশাসক, বিজিএপিএমইএ, বেলকুচি হাউস, ২৭৩/৩, পশ্চিম মানিকদি (৩য় তলা), ইসিবি চত্ত্বর, মিরপুর, ঢাকা ক্যান্টনম্যান্ট, ঢাকা।
৪. সভাপতি, এলএফএমইএবি, টিএ ৯৪/বি (১ম ও ২য় তলা), মধ্যবাড্ডা, গুলশান লিংক রোড, ঢাকা।
৫. সভাপতি, বিটিএমএ, লেভেল-৮, ইউটিসি ভবন, ৮ পান্থপথ, কারওয়ান বাজার, ঢাকা।
৬. সভাপতি, বিটিএ, ৫৭/এ (দ্বিতীয় তলা), রোড-৪/এ, সাত মসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা।

বিজিএ/কাস/২০২৪/ ৬২ তারিখঃ ১৩/০৩/২০২৪

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ Customs Bond Management System (CBMS) এর মাধ্যমে সফটওয়্যারের ০৬টি মডিউলে বিদ্যমান সকল বন্ডেড প্রতিষ্ঠানসমূহের তথ্য অন্তর্ভুক্তিকরণ প্রসঙ্গে।**

**সূত্রঃ** (ক) কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) এর নথি নং ৫(১৩)০১/কাস-বন্ড/অটোমেশন/বিবিধ/২০২০/২০৬০(২), তারিখ: ০৫/০৩/২০২৪।

**(খ) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.২০১৯/১১১, তারিখ: ২৭/০২/২০২৪।**

আপনারা সকলে অবগত আছেন, কাস্টমস বন্ড কমিশনারেটের সকল সেবা অনলাইনের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে "Customs Bond Management System" সফটওয়্যার বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। তারই ধারাবাহিকতায় বর্তমানে উক্ত সফটওয়্যারের নিম্নোক্ত ৬টি মডিউল ব্যবহারের উপযোগী অবস্থায় রয়েছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড নির্দেশনা জারী করেছে (সূত্র 'খ')।

(ক) e-bond Register Management
(খ) Lien Bank Change Management
(গ) Bonder Inventory Monitoring Management
(ঘ) Co-efficient Management
(ঙ) General Bond Management
(চ) HS Code Management

উপর্যুক্ত ৬টি মডিউলের মাধ্যমে সেবা প্রাপ্তির নিমিত্তে সকল বন্ডেড প্রতিষ্ঠানসমূহকে আগামী ১৫/০৩/২০২৪ইং তারিখের মধ্যে "Customs Bond Management System" সফটওয়্যারে আবশ্যিকভাবে On Board হতে হবে এবং সংশ্লিষ্ট সকল সেবা অনলাইনের মাধ্যমে গ্রহনের জন্য কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) হতে নির্দেশনা প্রদান করা হয়েছে (সূত্র 'ক')।

নিরবিচ্ছিন্নভাবে বন্ড সুবিধার আওতায় আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের নিমিত্তে উল্লেখিত সময়ের মধ্যে "Customs Bond Management System" সফটওয়্যারে প্রতিষ্ঠানের তথ্য অন্তর্ভুক্তির মাধ্যমে On Board হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ড ও কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) এর সূত্রোক্ত নথিসমূহ এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

১৩/৩/২০২৪

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org